

এমত আমার কর্ম রোগ ভোগ দিয়ে।  
 সংসার হইতে তোরৈ নিলাম উঠায়ে।।  
 তোর প্রতি আর কারো থাকিল না দাবী।  
 মায়াতীত হ'লি এবে হরিগুণ গা'বি।।  
 হেথা হ'তে লুকাইয়ে যারে বেদ ভিটে।  
 তথা হ'তে যা'স্ কল্য অন্য নয় উঠে।।  
 এখানে থাকিলে তুই জনরব হ'বে।  
 প্রতিষ্ঠা বাড়িলে মোরে কেহ না ছাড়িবে।।  
 যুগে যুগে বাঁধা আছি আমি তোর ঠাই।  
 তোমা আমা এক দেহ ভিন্ন ভেদ নাই।।  
 সংসারের মাঝে তুই কারো দায়ী নাই।  
 একমাত্র দায়ী রৈলি রমণীর ঠাই।।  
 যাও বাছা কিছুদিন করগে সংসার।  
 শোধ দিয়া এস গিয়া রমণীর ধার।।  
 জন্মিলে একটি পুত্র তাঁহার গর্ভেতে।  
 রমণীর ধার ত'বে পার শোধ হ'তে।।  
 গোলোক নাথের বাক্য শুনে শান্ত হ'ল।  
 হীরামন প্রতি সবে হরি হরি বল।।  
 সভক্তি অন্তরে যেনা করেন শ্রবণ।  
 ধনে বংশে বৃদ্ধি অস্তে গোলোক গমন।।  
 হীরামন দেহে পুনজ্জীবন সঞ্চার।  
 হরিবল কহিছে তারক সরকার।।



### হীরামনের স্তব

পুনর্ব্বার লোটাইয়া শ্রীনাথ চরণে।  
 স্তব করে, অশ্রুধারা বহে দিনয়নে।।  
 যেরূপে আমার মন করিলে হরণ।  
 আরবার সেইরূপ করহ ধারণ।।  
 তব তত্ত্ব জানে মাত্র, দেব শূলপাণি।  
 আমি অজ্ঞ, অসৌভাগ্য, কিছুই না জানি।।

তুমি হর্ভা, তুমি কর্ভা, সৃষ্টি অধিকারী।  
 তুমি আদি, গুণনিধি, ক্ষীরোদ-বিহারী।।  
 ক্ষীরোদেতে যে কালেতে ছিলে হে শয়নে।  
 দেবগণ উচাটন তোমার কারণে।।  
 দেব সব করে স্তব, রাবণের ভয়।  
 লঙ্কানাথ শঙ্কাতীত, করহ অভয়।।  
 অবনীতে অযোধ্যাতে রামরূপ ধরে।  
 জনমিলে ক্ষত্রকুলে, দশরথ ঘরে।।  
 সূর্য্যবংশে, চারি অংশে, শ্যামল সুন্দর।  
 দূর্ব্বাদল, নীলোৎপল, নব জলধর।।  
 চারুপদ কোকনদ, জিনি শতদল।  
 মীন অক্ষ, রোমসূক্ষ্ম, ব্রহ্মযুগ শ্যামল।।  
 দেহ গতি, সীতাপতি, ভকত বৎসল।  
 ত্যজিবাস, পীতবাস পিক্ হে বঙ্কল।।  
 রক্তকর ধনুঃশর, শোভা করে করে।  
 রিপুবংশ, কর ধবংস, গিয়া লঙ্কাপুরে।।  
 নাম বলে, ভাসে শীলে, সাগর ভিতর।  
 তব গুণে, বাধ্য বনে, ভাল্লুক বানর।।  
 পশুগণ, অনুক্ষণ, রামগুণ গায়।  
 কি গুণেতে, সাথে সাথে, কাঁদিয়া বেড়ায়।।  
 কিমাশ্চর্য্য, দয়া ধৈর্য্য, দেখা'লে সকলে।  
 'মিতা' বলে গিয়াছিলে, চণ্ডালের কোলে।।  
 ব'লে মিত্র, সুপবিত্র, সুখীবে করিলে।  
 ঋষ্যমুখে এ দাসেকে, প্রেমভক্তি দিলে।।  
 যে রূপেতে, প্রথমতে ভুলাইতে মন।  
 সেইরূপে, মন সাঁপে, পবন নন্দন।।  
 বায়ু ছলে, জিজ্ঞাসিলে, কিবা তব নাম।  
 তার স্থলে, বলেছিলে, মম নাম রাম।।  
 বীজ বর্ণ, শুনি কর্ণ, সব্য কর্ণ দিয়ে।  
 রাম নাম, গুণধাম, দিলে শুনাইয়ে।।  
 পুনঃছলে, জিজ্ঞাসিলে, কি নাম তোমার।  
 গুণধাম, সেই নাম, বল আর বার।।